

শর্তাবলী:

০১. আবেদনকারী কর্তৃক অনলাইনে পূরণকৃত আবেদনে স্থায়ী ঠিকানা সহ পরিবেশিত অন্যান্য তথ্য এবং চাকরিতে যোগদানকালে জমাকৃত কাগজপত্র ও শিক্ষাগত যোগ্যতার সনদপত্রে কোন গরমিল অথবা ভুল পাওয়া গেলে চাকরির যে কোন পর্যায়ে তাঁর নিয়োগ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।
০২. চাকরি যোগদানের সময় প্রার্থীদের নিজ ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট সিভিল সার্জন এর নিকট হতে শারীরিক যোগ্যতা সম্পর্কিত (স্বাস্থ্য পরীক্ষা) সনদপত্র সংগ্রহপূর্বক দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোনরূপ বিরূপ মন্তব্য থাকলে এবং সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রতীয়মান হলে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করতে পারবেন।
০৩. যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। যোগদানের তারিখ হতে ০২(দুই) বৎসরের জন্য শিক্ষানবিশ হিসাবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ চাকরির বিলোপ ঘটাতে পারবেন।
০৪. চাকরিতে যোগদানের সময় তাঁর শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, চারিত্রিক সনদপত্র, আবেদনপত্র ও প্রবেশপত্রের রঙিন কপি, কোটা সংক্রান্ত (প্রযোজ্য ক্ষেত্রে) সনদপত্র, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রদত্ত প্রশংসাপত্র এবং অভিজ্ঞতা (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।
০৫. সরকারি নিয়ম অনুযায়ী সময় সময় যে সকল পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে, সে সকল পরীক্ষা ও প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।
০৬. Ministry of Cabinet Establishment Division Section-ED/JV এর ২১/১২/১৯৭৪ খ্রি: তারিখের ED/JV ৩৪/৭৪-২০ নম্বর স্মারক মোতাবেক “নিয়োগ প্রক্রিয়া বিলম্বের কারণে চাকরিতে প্রবেশের নির্ধারিত বয়সসীমা অতিক্রম করলে অতিরিক্ত বয়স প্রমার্জিত বলে গণ্য হবে”।
০৭. নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ সরকারের প্রচলিত আইন, সময় সময় জারীকৃত আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।
০৮. উপর্যুক্ত শর্তাবলীর আওতায় এ নিয়োগপত্র গ্রহণে সম্মত থাকতে আগামী ১লা নভেম্বর/২০২৩খ্রি: তারিখের মধ্যে নামের পাশে বর্ণিত স্থানে/কর্মস্থলে যোগদান করতে হবে। উক্ত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
০৯. যোগদানের সময় ০৩(তিন) সেট পুলিশ ডেরিফিকেশন ফরম পূরণপূর্বক সংশ্লিষ্ট যোগদানপত্র গ্রহণকারী কর্মকর্তার নিকট দাখিল করতে হবে। পরবর্তীতে পুলিশ তদন্ত প্রতিবেদনে বিরূপ মন্তব্য পাওয়া গেলে/পুলিশ তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১০. পরিবার পরিকল্পনা অধিদপ্তরধীন রাজস্বখাতে নির্ধারিত বাজেট বরাদ্দ হতে বেতন ও ভাতাদি প্রাপ্ত হবেন।
১১. চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১২. জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারী করা হলো।

  
৩০/১০/২০২৩

(এ, বি, এম, শরিফুল হক)

উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)


পরিবার পরিকল্পনা, ঝিনাইদহ

ও

সদস্য সচিব

জেলা পরিবার পরিকল্পনা ৩য় ও ৪র্থ শ্রেণির

বাছাই/নিয়োগ কমিটি, ঝিনাইদহ।

  
৩০/১০/২৩